দৈনিক বাংলা

14

তারি[illegible] 07-OCT-199[illegible]
পৃষ্ঠা ৭২ কলাম ৭

# ক্যাম্পাস হইতে অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেফতার দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (শনিবার) ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে বিভিন্ন হল প্রভোষ্ট, ডাকসু, হল সংসদ ও কয়েকটি ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক যৌথ সভায় ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ এবং সন্ত্রাস দমনে ঐক্যবদ্ধ প্রতিরোধ কামনা করা হয়। সভার এক সিদ্ধান্তে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিরপেক্ষ ভূমিকা আশা করিয়া অবিলম্বে ক্যাম্পাস হইতে অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেফতারের আহ্বান জানান হয়।

**সন্ত্রাসী ঘটনার বিচার দাবী**

গত শুক্রবার ক্যাম্পাসে ছাত্রদল নেতা জাকির হোসেন জামাল গুলীবিদ্ধ হওয়ার ঘটনার নিন্দা করিয়া ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান, জি, এস, খায়রুল কবীর খোকন এক বিবৃতিতে বলেন, একটি কার্যকরী ছাত্র আন্দোলন গড়িয়া তোলার মুহূর্তে সরকারের মদদপুষ্ট দালালেরা ক্যাম্পাসে সন্ত্রাসের রাজত্ব শুরু করিয়াছে। বিবৃতিতে অবিলম্বে ক্যাম্পাসের সন্ত্রাসী ঘটনার বিচার দাবী করা হয়।